



**UNITED PEOPLES DEMOCRATIC FRONT (UPDF)**

**ইউনাইটেড পিপলস ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ)**

(A political party based in the Chittagong Hill Tracts, Bangladesh)

Mailing Address : Swanirbhar bazaar, Khagrachari, Northern Chittagong Hill Tracts, Bangladesh.

Email. updfcht@yahoo.com Website: www.updfcht.com

Ref:

Date: ১৮ জুলাই ২০২০

প্রেস বিজ্ঞপ্তি

**‘খাগড়াছড়িতে অস্ত্রসহ ইউপিডিএফের বাঙালি সোর্স গ্রেফতার’ শীর্ষক খবরের প্রতিবাদ**

ইউনাইটেড পিপলস ডেমোক্রেটিক ফ্রন্ট(ইউপিডিএফ)-এর খাগড়াছড়ি জেলা ইউনিটের সংগঠক অংগ্য মারমা আজ শনিবার ১৮ জুলাই ২০২০ এক বিবৃতিতে কতিপয় অনলাইন নিউজ পোর্টালে ‘খাগড়াছড়িতে অস্ত্রসহ ইউপিডিএফের বাঙালি সোর্স গ্রেফতার’ শীর্ষক খবরের তীব্র প্রতিবাদ জানিয়ে বলেছেন, উক্ত খবরটি সর্বৈব মিথ্যা, বানোয়াট, ভিত্তিহীন, সাজানো ও উদ্দেশ্যপ্রণোদিত।

বিবৃতিতে তিনি বলেন, পানছড়ির এলাকার বাসিন্দা কামাল উদ্দিন (৩০) নামে যাকে গ্রেফতার করা হয়েছে তার সাথে ইউপিডিএফের দূরতমও কোন সম্পর্ক নেই। সুতরাং সে ইউপিডিএফের সোর্স হওয়ার কোন প্রশ্নই উঠে না।

কাউকে গ্রেফতার করার পর তাকে ইউপিডিএফের সাথে জড়ানো আইন-শৃঙ্খলা বাহিনীর নেশা ও নিপীড়নের হাতিয়ারে পরিণত হয়েছে বলে বিবৃতিতে তিনি মন্তব্য করেন।

বিবৃতিতে ইউপিডিএফ নেতা সঠিক ও বস্তুনিষ্ঠ সংবাদ প্রচারের জন্য সকল সংবাদ মাধ্যমের প্রতি আহ্বান জানিয়েছেন।

বার্তা প্রেরক

নিরন চাকমা

প্রচার ও প্রকাশনা বিভাগ

ইউনাইটেড পিপলস ডেমোক্রেটিক ফ্রন্ট(ইউপিডিএফ)।